দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

দামুড়হুদায় সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে ৩টার দিকে পুড়াপাড়া যুব সমাজের আয়োজনে উপজেলা সদরে পুড়াপাড়া রাজা ইটভাটা সংলগ্ন সামছুল উলুম শান্তিবাগ ইসলামিয়া মাদ্রাসা ও এতিমখানার মাঠে এই ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য ও কেশবপুর উজ্জ্বল ক্লাবের সভাপতি শামসুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। এ সময় আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা আব্দুল আলিম, জাহাঙ্গীর আলমসহ গ্রামের স্থানীয় ব্যক্তিবর্গ।

খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলেন, পুড়াপাড়া জুনিয়র একাদশ ও কেশবপুর একাদশ। ৫০ মিনিটের এই খেলায় কোন দলই গোল করতে না পারায় পুনরায় পাঁচ মিনিট এক্সট্রা টাইম দেওয়া হয়। তাতেও কোন দল গোল করতে না পারলে খেলা ট্রাইবেকারে গড়াই। কেশবপুর একাদশ ট্রাইবেকারে ২টি গোল দেয় এবং পুড়াপাড়া জুনিয়র একাদশ ৩টি গোল দিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। খেলায় চ্যাম্পিয়ন হয় পুড়াপাড়া জুনিয়র একাদশ এবং রানার্স আপ হয় কেশবপুর একাদশ।

উক্ত সিক্স সাইড ফুটবল টুর্নামেন্টে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হয় পুড়াপাড়া জুনিয়র একাদশের তৌফিক রহমান। চ্যাম্পিয়ন দলকে ট্রফি এবং নগদ ২ হাজার টাকা পুরস্কার প্রদান করা হয়। অপরদিকে রানার্স আপ দলকে টফি এবং ১ হাজার ৫০০ টাকা নগদ প্রদান করা হয়। খেলায় রেফারির দায়িত্ব পালন করেন আতিকুল ইসলাম রনি। সহকারী রেফারি দায়িত্ব পালন করেন মনিরুল ইসলাম ও মাসুদ রানা।